

পশ্চিমবঙ্গ সরকার
সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণ
কুমারগঞ্জ উন্নয়ন ব্লক, দক্ষিণ দিনাজপুর

তারিখ - ১৭/০৭/২০১৫

পত্রাঙ্ক নং- ৩২৩৬(৩৩)

প্রেরক : মাননীয় সমষ্টি উন্নয়ন আধিকারিক
কুমারগঞ্জঃ দক্ষিণ দিনাজপুর

প্রতি : ১) মাননীয় বিধায়িকা, কুমারগঞ্জ বিধানসভা নির্বাচন ক্ষেত্র।
২) মাননীয় সভাপতি, কুমারগঞ্জ পঞ্চায়েত সমিতি।
৩) মাননীয় সমষ্টি সূচনা আধিকারিক, কুমারগঞ্জ পঞ্চায়েত সমিতি।
৪-১১) মাননীয়/ মাননীয় প্রধান, গ্রাম পঞ্চায়েত।

বিষয় : এখন থেকে যুবশ্রী প্রকল্পের অধীনে online Annexure - III FORM বাধ্যতা মূলক জমা দেওয়া বিষয়ে আপনাকে অবহিত করন।

সূত্র : মাননীয় মহকুমা শাসক, বালুরঘাট (সদর) মহাশয়ের প্রেরিত পত্র নং - 1712(5)/SDO(S), তাং - ১০/০৭/২০১৫।

মহাশয়/মহাশয়া,

উপরোক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আপনাকে এই মর্মে অবগত করানো হচ্ছে যে, পশ্চিমবঙ্গ সরকারের শ্রম দপ্তরের কর্ম নিযুক্তি বিষয়ক অতিরিক্ত অধিকর্তা মহাশয়ের এই মর্মে প্রদত্ত নির্দেশ অনুসারে আপনার গ্রাম পঞ্চায়েত/ পঞ্চায়েত সমিতি এলাকার মধ্যে যে সমস্ত কর্ম প্রার্থী বেকার যুবক/ যুবতী বর্তমানে পশ্চিমবঙ্গ সরকারের যুবশ্রী প্রকল্পের অধীনে মাসিক উৎসাহ ভাতা পাচ্ছেন, তাদের প্রত্যেক কে বাধ্যতা মূলক আগামী ২০/০৭/২০১৫ তারিখ থেকে ৩১/০৭/২০১৫ তারিখের মধ্যে online এ পশ্চিমবঙ্গ সরকারের employment bank এর website (www.employmentbankwb.gov.in) এ log-in করে নিজেদের user id এবং pass ward ব্যবহার করে Annexure - III Form online এ পূরন করে তা অবশ্যই এই সময় সীমার মধ্যে online জমা দিতে হবে এবং acknowledgement slip সংগ্রহ করতে হবে, অন্যথায় ৩১/০৭/২০১৫ তারিখের পর থেকে তাদের নাম যুবশ্রী প্রকল্পের উৎসাহ ভাতার তালিকা থেকে বাতিল বলে গন্য করা হবে। এক্ষেত্রে ঠিক কি উপায়ে পশ্চিমবঙ্গ সরকারের employment bank এর website থেকে online Annexure - III পূরন করে তা জমা দেওয়া যাবে, সেটি এই পত্রের সঙ্গে FLOW CHART এর আকারে সংযুক্ত করা হল।

সুতরাং আপনাকে অবিলম্বে উপরোক্ত বিষয়টি আপনার গ্রাম পঞ্চায়েত/ পঞ্চায়েত সমিতি এলাকার অন্তর্গত সকল সহজ তথ্যমিত্র কেন্দ্র, গ্রামীন গ্রন্থাগার গুলিতে এবং অন্যান্য সরকারি কার্যালয় তথা হাট-বাজার গুলিতে বহুল প্রচারের মাধ্যমে বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবগত করাতে বলা হচ্ছে। বিশেষত কুমারগঞ্জ পঞ্চায়েত সমিতির BIO মহাশয়কে এই পত্র ও তার সঙ্গে যুক্ত Flow chart টি অবিলম্বে জেলার সরকারি NIC website এ upload করতে বলা হচ্ছে।

৩২৩৬/২(৪) ২৭/৭/১৫

সমষ্টি উন্নয়ন আধিকারিক
কুমারগঞ্জ, দক্ষিণ দিনাজপুর

তারিখ - ১৬/০৭/২০১৫

পত্রাঙ্ক নং ৩২৩৬/২(৪)


পত্রের প্রতিলিপি জ্ঞতার্থে প্রেরিত হলঃ-

- ১) মাননীয় মহকুমা শাসক, বালুরঘাট(সদর), দক্ষিণ দিনাজপুর।
- ২) মাননীয় জেলা কর্ম নিযুক্ত আধিকারিক, দক্ষিণ দিনাজপুর।
- ৩) মাননীয় সহকারি শ্রম মহাধ্যক্ষ, বালুরঘাট(সদর), দক্ষিণ দিনাজপুর।
- ৪) যুবশ্রী গার্ড ফাইল।

৩২৩৬/২(৪) ২৭/৭/১৫

সমষ্টি উন্নয়ন আধিকারিক
কুমারগঞ্জ, দক্ষিণ দিনাজপুর

BRIEF PROCESS FLOW FOR SUBMISSION OF ANNEXURE-III THROUGH 'employmentbankwb.gov.in'



N.B. If any beneficiary is unable to generate 'ACKNOWLEDGEMENT SLIP', he/she is required to go to 'SUBMIT ANNEXURE_III' option once again. On submission of Log-In details if his/her Annexure-III has already been submitted then a message will come 'Your Annexure-III has already been submitted'. A link "View Detail" will be shown beside the message. On clicking the "View Detail" link, the Acknowledgement slip will appear which can be printed.



পশ্চিমবঙ্গ সরকার

“যুবশ্রী” র প্রার্থীদের জন্য Annexure-III ফর্ম জমা দেবার নোটিশ

যে সকল কর্মপ্রার্থী যুবশ্রী প্রকল্পের উৎসাহভাতা পাচ্ছেন তাদের আগামী ২০-০৭-২০১৫ থেকে ৩১-০৭-২০১৫ তারিখের মধ্যে Annexure-III ফর্মটি online - এর (www.employmentbankwb.gov.in → EMPLOYMENT BANK → submit Annexure - III) মাধ্যমে জমা দিতে অনুরোধ করা হচ্ছে।

এই লিঙ্ক-টি ২৪ ঘন্টা খোলা পাওয়া যাবে।
সঠিক সময়ে Annexure-III ফর্মটি online -এ জমা না দিতে পারলে তাদের নাম উৎসাহভাতার তালিকা থেকে বাতিল বলে গণ্য হবে।

আদেশানুসারে

মহকুমা শাষক
বালুরঘাট (সদর), দক্ষিণ দিনাজপুর।